# নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

## ক) ভূমিকাঃ

নার্সিং ও মিডওয়াইফারি বিশ্বব্যাপী মহান পেশা হিসেবে স্বীকৃত। নার্স ও মিডওয়াইফগণ স্বাস্থ্যসেবার একটি অপরিহার্য্য অংশ। ব্রিটিশ শাসনামলে এদেশে নার্সিং পেশার যাত্রা শুরু হলেও স্বাধীন বাংলাদেশে নার্সিং সেক্টরের উন্নয়ন শুরু হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে। তিনি ইস্ট পাকিস্তান নার্সিং কাউন্সিলের নাম পরিবর্তন করে বাংলাদেশ নার্সিং কাউন্সিল নামকরণ করেন এবং নার্সিং সেক্টরকে শক্তিশালীকরণ ও সেবার মান উন্নয়নের লক্ষ্যে সেবা পরিদপ্তর প্রতিষ্ঠার পরিকল্পনা করেন। পরবর্তিতে ১৯৭৭ সালে সেবা পরিদপ্তর প্রতিষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৬ সালে সেবা পরিদপ্তরকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর হিসেবে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে উন্নীত করেন। তিনি বাংলাদেশে নার্সিং এর পাশাপাশি স্বতন্ত্র মিডওয়াইফারি পেশা চালু করেন। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রতিষ্ঠানসমূহ পরিচালিত হয় এবং স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত নার্স ও মিডওয়াইফের যাবতীয় প্রশাসনিক ব্যবস্থাপনা কার্যক্রম নিয়ন্ত্রিত হয়।

## খ) ভিশন ও মিশন

**ভিশনঃ**

নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও সেবার সর্বোত্তম মান নিশ্চিত করা।


**মিশনঃ**

নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও সেবার মান উন্নয়নের মাধ্যমে সবার জন্য উন্নত স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।

## গ) অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রমঃ

- সরকারি পর্যায়ে সারা দেশের নার্স ও মিডওয়াইফদের যাবতীয় প্রশাসনিক ব্যবস্থাপনার প্রধান নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন।
- অধিদপ্তরের অধীনে কর্মরত নার্স, মিডওয়াইফ এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের কার্যপরিধি নির্ধারণ, মানবসম্পদ ব্যবস্থাপনা, প্রশাসনিক নিয়ন্ত্রণ, আর্থিক ব্যবস্থাপনা ও যথাযথ মনিটরিং নিশ্চিতকরণ।
- অধিদপ্তরের অধীনে কর্মরত নার্স, মিডওয়াইফ এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, পদায়ন, বদলী, অবসর প্রদান, শৃঙ্খলা, ছুটি সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।
- নার্সিং ও মিডওয়াইফারি সেবা ও শিক্ষার উন্নয়নে পরিকল্পনা ও উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
- নার্সিং ও মিডওয়াইফারি সেবা ও শিক্ষা সংক্রান্ত বিভিন্ন নীতিমালা প্রণয়নপূর্বক প্রশাসনিক মন্ত্রনালয়ের অনুমোদনের লক্ষ্যে প্রেরণ।
- হাসপাতাল ও নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্স, মিডওয়াইফের ও শিক্ষকের পদ সৃজন, পদ সংরক্ষণ, পদ বিলুপ্তির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরণ।
- সরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সার্বিক নিয়ন্ত্রণ।
- নার্স ও মিডওয়াইফদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান।
- সরকারি স্বাস্থ্য সেবা ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নার্স ও মিডওয়াইফদের উচ্চশিক্ষা গ্রহণে সংযুক্তি প্রদান ও শিক্ষা ছুটি/প্রেষণের আবেদন প্রশাসনিক মন্ত্রনালয়ে অগ্রায়ণ।
- সরকারি স্বাস্থ্য সেবা ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নার্স ও মিডওয়াইফদের লিয়েন আবেদন প্রশাসনিক মন্ত্রনালয়ে অগ্রায়ণ।
- নার্সিং ও মিডওয়াইফারি সেবা ও শিক্ষা কার্যক্রমের যথাযথ ব্যবস্থাপনা নিশ্চিতকরণে অন্যান্য অধিদপ্তরসমুহের সাথে সমন্বয় সাধন।
- নার্সিং ও মিডওয়াইফারি সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী সংস্থাসমুহের সাথে বিভিন্ন কার্যক্রম সম্পাদন।
- অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী অন্যান্য সেবা প্রদান।

## ঘ) সাংগঠনিক কাঠামোঃ




## ঙ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিদ্যমান জনবলের তথ্যঃ

### অধিদপ্তরের মোট জনবল


| অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|
| ৫০,৪৪২ | ৪৫,১৫৭ | ৫,২৮৫ |

### অধিদপ্তরের প্রধান কার্যালয়ের জনবল

| পদের নাম | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মহাপরিচালক | ৩ | ১ | ১ | ০ | প্রশাসন ক্যাডার হতে ১ জন অতিরিক্ত সচিব প্রেষণে কর্মরত |
| অতিরিক্ত মহাপরিচালক | ৪ | ১ | ০ | ০১ | |
| পরিচালক | ৪ | ৩ | ৩ | ০ | প্রশাসন ক্যাডার হতে ৩ জন উপসচিব প্রেষণে কর্মরত |
| উপপরিচালক | ৬ | ৬ | ৩ | ৩ | |
| সহকারী পরিচালক | ৯ | ১০ | ৯ | ১ | |
| ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী | ১১-১৬ এবং ১৭-২০ | ৭৮ | ৫৬ | ২২ | |
| আউট সোর্সিং | | ৩৮ | - | ৩৮ | |

## হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের কর্মরত জনবল

| ক্রম | পদের নাম | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ১ | সেবা তত্ত্বাবধায়ক | ৭/৯ | ৮৭ | ৫১ | ৩৬ |
| ২ | উপ-সেবা তত্ত্বাবধায়ক | ৯ | ৮৪ | ৪৭ | ৩৭ |
| ৩ | বিভাগীয় সহকারী পরিচালক | ৯ | ৭ | ৭ | ০ |
| ৪ | ডিস্ট্রিক্ট পাবলিক হেলথ নার্স | ৯ | ৬৪ | ৪০ | ২৪ |
| ৫ | নার্সিং সুপারভাইজার | ১০ | ১২১১ | ৯৭৯ | ২৩২ |
| ৬ | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/পাবলিক হেলথ নার্স | ১০ | ৪৩১৭৯ | ৩৯৭৬৪ | ৩৪১৫ |
| ৭ | মিডওয়াইফ | ১০ | ২৯৯৬ | ২৫৪৫ | ৪৫১ |
| ৮ | সহকারী নার্স | ১৫ | ৪০২ | ৪০২ | ০ |




## নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত জনবল

| ক্রম | পদের নাম | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ৪ | ১০ | ১০ | ০ | নিজ বেতনে কর্মরত |
| ২ | পরিচালক (নিয়েনার) | ৫ | ১ | ১ | ০ | নিজ বেতনে কর্মরত |
| ৩ | উপাধ্যক্ষ | ৪ | ১ | ১ | ০ | নিজ বেতনে কর্মরত |
| ৪ | উপাধ্যক্ষ | ৫ | ৫ | ১ | ৪ | নিজ বেতনে কর্মরত |
| ৫ | অধ্যাপক | ৫ | ৭৫ | ০ | ৭৫ | |
| ৬ | উপ-পরিচালক (নিয়ানার) | ৬ | ১ | ০ | ১ | |
| ৭ | অধ্যক্ষ | ৬ | ১ | ০ | ১ | অতিরিক্ত দায়িত্বে কর্মরত |
| ৮ | সহযোগী অধ্যাপক | ৬ | ৮৫ | ১ | ৮৪ | নিজ বেতনে কর্মরত |
| ৯ | সহকারী অধ্যাপক | ৭ | ১৪৯ | ১ | ১৪৮ | নিজ বেতনে কর্মরত |
| ১০ | অধ্যক্ষ | ৭ | ৯ | ৯ | ০ | নিজ বেতনে কর্মরত |
| ১১ | প্রভাষক (নার্সিং) | ৯ | ২৮১ | ৬৭ | ২১৪ | ১০৭ জন মূল পদে এবং ৪২ জন নিজ বেতনে কর্মরত |
| ১২ | কমিউনিটি নার্সিং | ৯ | ১ | ০ | ১ | |
| ১৩ | প্রভাষক (ইংরেজি ) | ৯ | ৯ | ০ | ৯ | |
| ১৪ | প্রভাষক (কম্পিউটার) | ৯ | ৯ | ০ | ৯ | |
| ১৫ | সহ: প্রোগ্রামার | ৯ | ২ | ০ | ২ | |
| ১৬ | ল্যাব ইনচার্জ | ৯ | ১৩ | ০ | ১৩ | |
| ১৭ | নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ | ১০ | ৪২ | ৪২ | ০ | |
| ১৮ | নার্সিং ইন্সট্রাক্টর | ১০ | ৩৫১ | ৩৫১ | ০ | |
| ১৯ | ইন্সট্রাক্টর | ১০ | ৮ | ৮ | ০ | |
| ২০ | সেবিকা শিক্ষয়েত্রি | ১০ | ৩ | ৩ | ০ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২১ | ডেমন্সট্রেটর | ১০ | ১২ | ১২ | ০ | |
| ২২ | ২য় শ্রেণির অন্যান্য কর্মকর্তা | ১০ | ১৪ | ০৬ | ০৮ | |
| ২৩ | ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী | ১২-১৬ | ১২৬৪ | ৭২০ | ৫৪৪ | |
| | **সর্বমোট** | | **২২৬৪** | **১২৩২** | **১০৩২** | |
| | আউট সোর্সিং | | **৩৫৯** | | **৩৫৯** | |

## চ) কর্মসংস্থান- নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত তথ্যাদিঃ

### নিয়োগ

- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে ২৩৬৭ টি সিনিয়র স্টাফ নার্স ও ৪০১ টি মিডওয়াইফের নিয়োগ কার্যক্রম সরকারি কর্ম কমিশনে প্রক্রিয়াধীন।
- এছাড়া অধিদপ্তর কর্তৃক ৩য় ও ৪র্থ শ্রেণির ২৮৭টি পদে নিয়োগ প্রক্রিয়া চলমান।

### পদোন্নতি প্রদানঃ

- গ্রেডেশন তালিকা অনুযায়ী ২০৬ জন সিনিয়র স্টাফ নার্সকে ১ম শ্রেণিতে পদন্নোতি প্রদান করা হয়েছে।


## ছ) অধিদপ্তরের অধীন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তথ্যঃ


### প্রতিষ্ঠানের সংখ্যাঃ

| প্রতিষ্ঠান | সংখ্যা |
|---|---|
| নার্সিং ইনস্টিটিউট | ২৮ |
| নার্সিং কলেজ | ৪০ |
| পোস্ট গ্র্যাজুয়েট নার্সিং ইনস্টিটিউট | ০১ |
| নির্মানাধীন নার্সিং কলেজ | ১১ |
| আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউট (ইন-সার্ভিস) | ০৪ |
| পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার (ইন-সার্ভিস) | ০২ |


### আসন সংখ্যা

| প্রতিষ্ঠান | আসন সংখ্যা |
|---|---|
| ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি | ২৭৩০ |
| ডিপ্লোমা ইন মিডওয়াইফারি | ১৮২৫ |
| বিএসসি ইন নার্সিং (৪ বছর মেয়াদী) | ২১০০ |
| পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং (২ বছর মেয়াদী) | ৭২৫ |
| পোস্ট বেসিক বিএসসি ইন মিডওয়াইফারি (২ বছর মেয়াদী) | ৮০ |
| এমএসসি ইন নার্সিং | ২৭০ |






আগামী ০৫ বছরে বাংলাদেশে রেজিস্টার্ড নার্সের সম্ভাব্য সংখ্যা (সরকারি ও বেসরকারি)




| | 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|---|
| Year | 2023 | 2024 | 2025 | 2026 | 2027 |
| Number of Nurses | 77958 | 107528 | 137098 | 166668 | 196238 |

**ছ) ২০২২-২৩ অর্থবছরের গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলিঃ**

- ২৩৬৭টি শূন্য পদের বিপরীতে সিনিয়র স্টাফ নার্স নিয়োগের প্রক্রিয়া চলমান।
- ১০,০০০ সিনিয়র স্টাফ নার্সের নতুন পদ ও ৫০০০ মিডওয়াইফের নতুন পদ সৃজন প্রক্রিয়াধীন।
- ৩৫৬৬ জন নার্সকে সিলেকশন গ্রেড প্রদান।
- গ্রেডেশন তালিকা অনুযায়ী ২০৬ জন সিনিয়র স্টাফ নার্সকে ১ম শ্রেণিতে পদন্নোতি প্রদান।
- নার্স ও মিডওয়াইফগণের চাকরি স্থায়িকরণসহ নানাবিধ প্রশাসনিক কার্যক্রম চলমান।
- উপজেলা পর্যায়ে কর্মরত নার্সগনের জন্য স্টান্ডার্ড প্র্যাকটিস গাইডলাইন প্রস্তুত।
- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রধান কার্যালয়ের অর্গানোগ্রামসহ ৬৯টি নতুন পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি।
- ৫ম HPNSP প্রোগ্রামে “নার্সিং ও মিডওয়াইফারি সার্ভিসেস” শীর্ষক অপারেশনাল প্ল্যান অনুমোদিত।
- মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সাথে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর।
- হাসপাতালে নার্সিং সেবার মান বৃদ্ধিতে মনিটরিং কার্যক্রম এবং উপজেলা পর্যায়ে মিডওয়াইফ পরিচালিত কেয়ার ইউনিটগুলোর কার্যক্রম জোরদার।

- নার্সিং সেবায় চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় হাসপাতালে ইলেক্ট্রনিক নার্সিং ডক্যুমেন্টেশন কার্যক্রম চালুর উদ্যোগ গ্রহণ এবং নার্সিং কলেজসমূহে আধুনিক সিম্যুলেশন ল্যাব প্রতিষ্ঠার মাধ্যমে ব্যবহারিক শিক্ষা চালুর উদ্যোগ গ্রহণ।
- বাংলাদেশ হতে যুক্তরাজ্যসহ ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে দক্ষ নার্স জনশক্তি রপ্তানির উদ্যোগ গ্রহণ।
- বিপুল সংখ্যক নার্স ও মিডওয়াইফগণকে বিভিন্ন ক্লিনিক্যাল বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- স্মার্ট বাংলাদেশ বিনির্মানে স্মার্ট নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও সেবা সংক্রান্ত সেমিনার আয়োজন ও প্রজেক্ট গ্রহণ।
- হাসপাতালসমূহে নার্সিং সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সুপারভিশন ও মনিটরিং নিশ্চিতকরণের জন্য সিনিয়র স্টাফ নার্সদের মধ্য থেকে দক্ষতা, সক্ষমতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে ২২৫ জন সিনিয়র স্টাফ নার্সকে নার্সিং সুপারভাইজার পদে পদায়ন।
- দেশের ৫ (পাঁচ) টি জেলায় (সুনামগঞ্জ, নোয়াখালী, বান্দরবান, কক্সবাজার ও ঢাকা) মিডওয়াইফ কর্তৃক গর্ভকালীন সেবা, প্রসব পরবর্তী সেবা ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সেবায় টেলি সেবা সার্ভিস কার্যক্রম জোরদার করা হয়েছে।
- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পিএমআইএস শাখা আধুনিকায়ন। নব যোগদানকৃত নার্স ও মিডওয়াইফগণের পিডিএস তৈরি। বিভিন্ন হাসপাতালের নার্সদের পিএমআইএস বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ( শিক্ষা ও প্রতিষ্ঠানের কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২৩ প্রস্তুত।
- নার্স ও মিডওয়াইফদের উচ্চশিক্ষার জন্য সংযুক্তি নীতিমালা প্রস্তুত।
- ০২ টি নতুন নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান (আলহাজ্ব আব্দুর রাজ্জাক নার্সিং কলেজ ডামুড্যা. শরীয়তপুর ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব নার্সিং ইনস্টিটিউট, **বাউফল,পটুয়াখালী**) চালু করা হয়েছে।
- মোট ১১টি নতুন নার্সিং কলেজ ও ইনস্টিটিউট (গোপালগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ, নাটোর, লক্ষ্মীপুর, সুনামগঞ্জ, শিবচর মাদারীপুর, জামালপুর, মেহেরপুর ও গাইবান্ধা) নির্মানাধীন।
- চার সপ্তাহব্যাপী টিচার্স ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রদানপূর্বক দেশের বিভিন্ন সরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক পদায়ন ।
- নার্স ও মিডওয়াইফগণের গবেষণা কার্যক্রম বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন ও সায়েন্টিফিক কনফারেন্স আয়োজন।
- বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে আন্তর্জাতিক নার্স দিবস ও আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উদযাপন।
- নার্সিং ও মিডওয়াইফারি সেবার মানোন্নয়নে সাতক্ষীরা, ময়মনসিংহ ও চট্টগ্রামে স্টেকহোল্ডারদের সমন্বয়ে মত-বিনিময় সভা আয়োজন।
- নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষকদের প্রশিক্ষণের জন্য ঢাকার মহাখালীতে গ্লোবাল অ্যাফেয়ার্স কানাডা এর সহযোগিতায় শিক্ষক প্রশিক্ষণ সেন্টার (এনটিটিসি) স্থাপন কার্যক্রম শুরু।
- বিশ্ব ব্যাংক আর্থিক সহযোগিতায় বাস্তবায়নাধীন ASSET প্রোজেক্টের আওতায় ২০টি নার্সিং ইনস্টিটিউটের উন্নয়ন কার্যক্রম শুরু।
- NMES অপারেশনাল প্ল্যানের আওতায় ২০২২-২৩ অর্থবছরে ৯,৭২০ জন নব-নিয়োগকৃত নার্সকে ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান ও ৭৮০ জন নার্সিং শিক্ষককে Teachers Development প্রশিক্ষণ প্রদান
- ICU, Pediatric, Geriatric, IPC & Waste Management, Research Methodology, Effective Presentation & Report Writring Skill এবং Financial Management বিষয়ে দেশে ৩,১৯৪ জন নার্সকে প্রশিক্ষণ প্রদান
- UNFPA এর আর্থিক সহযোগিতায় স্থানীয়ভাবে ৬০০ জন মিডওয়াইফ ও মিডওয়াইফারি শিক্ষককে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান
- নার্স ও মিডওয়াইফদের উচ্চ শিক্ষায় স্কলারশিপ প্রদান ও বাংলাদেশে যৌথ ব্যবস্থাপনায় নার্সিং কোর্স চালুর লক্ষ্যে যুক্তরাজ্যের ২টি স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের (Bolton University & Salford University) সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।

**জ) নার্সিং ও মিডওয়াইফারি খাতে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন**

| ক্রম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | উপজেলা পর্যায়ে নার্সদের আবাসিক সুবিধা বৃদ্ধি করতে হবে। | HPNSP এর আওতায় ৫ম সেক্টর কর্মসূচির অধীনে বিভিন্ন উপজেলা ও জেলা পর্যায়ের হাসপতালে কর্মরত নার্সদের ডরমিটরি নির্মাণের জন্য কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে |
| ২ | নার্সদের কর্মপরিধি সুনির্দিষ্ট হালনাগাদ করে তার প্রতিবেদন নিশ্চিত করতে হবে। মিডওয়াইফদের উপযুক্ত পদায়ন ও দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে। | বাস্তবায়িত |
| ৩ | নার্সিং শিক্ষায় ক্রমবর্ধিষ্ণু ছাত্র/ছাত্রীর ভর্তি ও সংখ্যা বিবেচনায় দেশের সকল সরকারি নার্সিং কলেজ এবং নার্সিং ইনস্টিটিউটে প্রয়োজনীয় সংখ্যক ছাত্র ও ছাত্রী | সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম ও রাজশাহী নার্সিং কলেজসমূহে হোস্টেল নির্মাণ করা হয়েছে। ময়মনসিংহ ও দিনাজপুর নার্সিং কলেজ; এবং মিটফোর্ড, কুমিল্লা, ও খুলনা |

| | | |
|---|---|---|
| | নিবাস নির্মাণ করতে হবে। | নার্সিং ইন্সটিটিউটের নতুন হোস্টেল নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদন ফিজিবিলিটি পরীক্ষার জন্য একটি প্রস্তাব গত ২৬ জুলাই, ২০২০ইং তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | নার্সদের বিদেশী ভাষা (বিশেষত ইংরেজী ও আরবী) শিক্ষা | HPNSP এর আওতায় ৫ম সেক্টর কর্মসূচির অধীনে নার্সদের ইংরেজি, আরবী, জাপানিজ, জার্মান ও ইটালিয়ান ভাষা প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৫ | বাগেরহাট জেলায় একটি ডিপ্লোমা নার্সিং ইনস্টিটিউট স্থাপন | বাগেরহাট জেলায় একটি ডিপ্লোমা নার্সিং ইনস্টিটিউট স্থাপিত হয়েছে। |
| | **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা** | **বাস্তবায়ন অগ্রগতি** |
| ১ | নার্সদের শুন্যপদ সমূহ সত্বর অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা পূরণসহ অভিজ্ঞ ব্যক্তিদের নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা শিথিল করার ব্যবস্থা করতে হবে। | বাস্তবায়িত |
| ২ | সকল সরকারি হাসপাতালে ডাক্তার ও নার্সের আনুপাত সামঞ্জস্যপুর্ণ হতে হবে। | হাসপাতালের ধরণ ও অনুমোদিত শয্যার বিপরীতে স্টান্ডার্ড সেট-আপ নির্ধারণপুর্বক ৪৮,১৫৬জন সিনিয়র স্টাফ নার্সের পদ সৃজনের প্রস্তাব গত ২৩ মার্চ, ২০২০ ইং তারিখ স্বাস্থ্য সেবা বিভাগে প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। |
| ৩ | দক্ষ জনশক্তি হিসেবে নার্সদের বিদেশে প্রেরণ | ৬০০ জন নার্সকে কুয়েতে প্রেরণ করা হয়েছে। কুয়েত সরকারের নার্স প্রেরণের বিষয়ে জিটুজি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। |
| ৪ | গোপালগঞ্জে নার্সিং ইনস্টিটিউট চালুকরণ | বাস্তবায়িত |
| ৫ | হাসপাতালে বিশেষায়িত ইউনিটের জন্য বিশেষায়িত নার্স গড়ে তুলতে হবে | সরকারি বিশেষায়িত হাসপাতালসমূহে বিভিন্ন বিষয়ে ০১ বছর মেয়াদী আন্তর্জাতিক মান সম্পন্ন পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স চালুর মাধ্যমে বিশেষায়িত নার্স নার্স গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া হাসপাতালের বিশেষায়িত ইউনিটসমূহের জন্য বিশেষায়িত নার্সের পদ সৃজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |

## ঝ) মানবসম্পদ উন্নয়ন

### দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)


| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১১ (উন্নয়ন বাজেটের আওতায়) | ১৪,০৩৭ জন |
| ০৮ (পরিচালন বাজেটের আওতায়) | ৩০০ জন |

### ইন-হাউজ প্রশিক্ষণের তথ্য

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মোট ১২০ জন কর্মকর্তা ও কর্মচারীকে বিধি মোতাবেক বিভিন্ন বিষয়ে ০৫ দিন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### নার্সিং ও মিডওয়াইফারি এডুকেশন এন্ড সার্ভিসেস অপারেশনাল প্ল্যানের আওতায় প্রশিক্ষণ

| ক্রম | প্রশিক্ষণের বিষয়বস্তু | ২০২২ ও ২০২৩ সালে মোট প্রশিক্ষনার্থী সংখ্যা |
|---|---|---|
| ১ | ওরিয়েন্টেশন ট্রেনিং | ৯৭২০ জন |
| ২ | শিক্ষক প্রশিক্ষণ | ৭৮০ জন |
| ৩ | আইসিইউ নার্সিং ট্রেনিং | ১৫৬০ |
| ৪ | পেডিয়াট্রিক নার্সিং ট্রেনিং | ৩০০ |
| ৫ | জেরিয়েট্রিক নার্সিং ট্রেনিং | ১২০ |
| ৬ | আইপিসি ও ওয়েস্ট ম্যানেজমেন্ট ট্রেনিং | ৭৫০ |
| ৭ | রিসার্চ মেথোডোলজি | ২৩৪ |
| ৮ | ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট | ১৪০ |
| ৯ | ইংলিশ ল্যাংগুয়েজ | ৮০ |
| ১০ | নেটওয়ার্ক মিটিং | ৩৫৩ |
| ১১ | ওর্য়াকশপ / সেমিনার | ২৮৬১ |





### সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ৫১ | ২৮৬১ জন |

## ঞ) বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি

### প্রকল্প/কর্মসূচির নাম ও বাস্তবায়ন অগ্রগতিঃ

| ক্রম | প্রকল্প/কর্মসূচির নাম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | Expansion and quality improvement of Nursing Education | ৮৫.১৫%<br>(বরাদ্দ ১০০০০.০০ এবং খরচ ৮৫১৪.৬৪)<br>(লক্ষ টাকায়) |
| ২ | Nursing and Midwifery Education and Services (NMES) | ৮৩.৩৫% (জুন,২০২৩)<br>(বরাদ্দ ৩৪০০০.০০ এবং খরচ ২৮৩৩৮.৬২)<br>(লক্ষ টাকায়) |



উন্নয়ন প্রকল্পে অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|
| ৭৫.০০ | ব্যয়ের পরিমাণঃ ৪৪৮৬.৮২<br>ব্যয়ের শতকরা হারঃ ৬০% | ১১ |

**ট) ই-ফাইলিং বাস্তবায়নের হারঃ**

| | |
|---|---|
| ই-ফাইলে নিষ্পত্তিকৃত ফাইলের সংখ্যা | ৯১% |

**ড) ইনোভেশন প্রকল্পের তালিকাঃ**

| ক্রম | উদ্ভাবন প্রজেক্টের নাম | উপকারভোগী জনগোষ্ঠী | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | দাপ্তরিক চিটিপত্র সহজীকরণ | নার্স , মিডওয়াইফ, কর্মকর্তা, কর্মচারী এবং সাধারণ সেবা গ্রহতি | বাস্তবায়িত |
| ২ | মাতৃত্বকালীন ছুটি সহজীকরণ | নার্স , মিডওয়াইফ, কর্মকর্তা ও কর্মচারী | বাস্তবায়িত |
| ৩ | রোগীর সেবায় নাইটিংগেল এপ্রোচ | হাসপাতালে ভর্তি রোগী | জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালে পাইলট প্রকল্প বাস্তবায়িত |
| ৪ | নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ক্যারিয়ার ডেভলোমেন্ট সেন্টার স্থাপন | নার্সিং শিক্ষার্থী | ঢাকা নার্সিং কলেজে পাইলট প্রকল্প বাস্তবায়নাধীন |
| ৫ | Quality Improvement Department স্থাপনের মাধমে রোগীর সর্বোচ্চ সেবা নিশ্চিত করা | হাসপাতালে ভর্তি রোগী | জাতীয় নিউরো সায়েন্স ইনস্টিটিউট ও হাসপাতালে পাইলট প্রকল্প বাস্তবায়নাধীন |
| ৬ | ই-লাইব্রেরী | সকল নার্স, নার্স শিক্ষক এবং নার্সিং ছাত্রছাত্রী | কার্যক্রম চলমান |
| ৭ | কমিউনিটি হেলথ নার্সিং (Community Health Nursing) | সাধারণ জনগোষ্ঠী | কার্যক্রম চলমান |

**ঢ) অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)**

| অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১০ (দশ) | ১৫৪.১৬ | ০২ (দুই) | ০৯ (নয়) | ১২৬.১১ | ০১ (এক) | ২৮.০৫ (আটাশ লক্ষ পাঁচ হাজার) |

**ণ) শৃঙ্খলা/বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য**

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২২-২৩) মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ২৪ | ১২ | ০৮ | ১৭ | ৩৭ (পূর্বের অর্থ বছরের বিভাগীয় মামলাসহ) | ৭৩ (পূর্বের অর্থ বছরের বিভাগীয় মামলাসহ) |

### ত) আগামি দিনের পরিকল্পনাঃ

- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অর্গানোগ্রাম অর্থ বিভাগ কর্তৃক অনুমোদন
- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের প্রশাসনিক পদ কাঠামো পূনর্বিন্যাস ও আপডেটকরণ
- নার্স ও মিডওয়াইফদের জন্য যুগোপযোগী ক্যারিয়ার পাথ তৈরি ও যুগোপযোগী পদোন্নতি প্রক্রিয়াসহ নিয়োগবিধি প্রণয়ণ
- হাসপাতালে ওয়ার্ড ইনচার্জ নার্সের পদ সৃজন ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বিশেষায়িত নার্সের পদ সৃজন
- নার্সিং সুপারভাইজার পদটি ২য় শ্রেণি হতে ১ম শ্রেণিতে উন্নিতকরণ ও সুপারভাইজারের পদ সংখ্যা বৃদ্ধি
- ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে মিডওয়াইফের নতুন পদ সৃজন
- নার্স ও মিডওয়াইফদের জন্য ৬ মাস ব্যাপী ফাউন্ডেশন ট্রেনিং চালু
- সিনিয়র স্টাফ নার্সদের জন্য কাজের ক্ষেত্র ভিত্তিক স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর, জব ডেস্ক্রিপশন এবং বিধানবলী প্রণয়ন
- সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফদের বদলী ও পদায়ন নীতিমালা আপডেটকরণ
- নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, নার্সিং সুপারভাইজার ও ডিস্ট্রিক্ট পাবলিক হেলথ নার্সদের সক্ষমতা বৃদ্ধি জন্য প্রশিক্ষণ আয়োজন
- কুয়েত, ইতালী, ডেনমার্ক, অস্ট্রিয়া, জাপান ও যুক্তরাজ্যে নার্স জনশক্তি রপ্তানির উদ্যোগ গ্রহণ
- ৪২ টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান ভবনের রিপেয়ার ও রিনোভেশনের কাজ সম্পাদন
- দিনাজপুর নার্সিং কলেজ ও সৈয়দা জোহরা তাজউদ্দীন নার্সিং কলেজের  ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণ
- ডিপ্লোমা নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা মিডওয়াইফারি শিক্ষার্থীদের ইন্টার্ণ ভাতা প্রদানের উদ্যোগ গ্রহণ
- নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নিয়োগবিধি চূড়ান্তকরণ
- বিশেষায়িত ইনস্টিটিউটসমূহে বিভিন্ন ক্লিনিক্যাল নার্সিং বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স চালুর মাধ্যমে বিশেষায়িত নার্স তৈরি ও হাসপাতালে বিশেষায়িত নার্সের পদ সৃজন
- সরকারি নার্সিং কলেজে পোস্ট বেসিক বিএসসি ইন মিডওয়াইফারি কোর্সের আসন বৃদ্ধি
- এমএসসি ইন নার্সিং চালুর প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত সরকারি নার্সিং কলেজসমূহে এমএসসি ইন নার্সিং কোর্সের একাডেমিক কার্যক্রম চালু